

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-১২

তারিখঃ ১৭ এপ্রিল, ২০০৩ ইং

০৪ বৈশাখ, ১৪১০ বাং

সকল তফসিলী ব্যাংক

ও

আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একাইটি এন্ড অন্ট্যাপ্যান্যারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে ২৪/০৬/২০০২ ইং তারিখের ইইএফ সার্কুলার নং-০৬ এবং ২১/১০/২০০২ ইং তারিখের ইইএফ সার্কুলার নং-০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। ইইএফ সার্কুলার নং-৭/২০০২ এর ২ নং অনুচ্ছেদ মোতাবেক সফটওয়্যার শিল্পের ক্ষেত্রে নীট চলতি মূলধনসহ ন্যূনতম মোট প্রকল্প ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক শিল্পের ক্ষেত্রে তা ১.০০ (এক) কোটি টাকা নির্ধারিত ছিল ।

বিষয়টি পুনর্বিবেচনাপূর্বক এক্ষণে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক শিল্পের ক্ষেত্রেও ন্যূনতম প্রকল্প ব্যয় (নীট চলতি মূলধনসহ) ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা হবে ।

০৩। ইইএফ সার্কুলার নং-৬/২০০২ এর ০৫.৪ নং অনুচ্ছেদে উল্লেখ আছে যে, “প্রকল্পটি আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত, ব্যবস্থাপনা এবং পরিবেশ সংরক্ষনসহ সকল দৃষ্টিকোন থেকে viable হতে হবে । উদ্যোক্তাগণের যোগ্যতার মূল্যায়নের উপর যেমন প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাগত যোগ্যতা, প্রক্রিয়াকরণ/প্রযুক্তিগত জ্ঞান, উৎপাদিত পণ্যের বাজারজাতকরণে দক্ষতা, প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনায় পরীক্ষিত অতীত কর্ম দক্ষতা, আর্থিক লেনদেন বিশেষত বিভিন্ন ব্যাংকের সাথে হিসাব পরিচালনার ক্ষেত্রে অতীত লেনদেন ইত্যাদির উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হবে” ।

০৫.৪ নং অনুচ্ছেদের উপরোক্ত অংশটি নিম্নরূপভাবে প্রতিস্থাপিত করার সিদ্ধান্ত হয়েছে :

“প্রকল্পটি আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত, ব্যবস্থাপনা এবং পরিবেশ গত দিক থেকে viable হতে হবে । উদ্যোক্তাগণের প্রস্তাবিত প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা, দক্ষতা, উপযুক্ত প্রযুক্তিগত জ্ঞান, বাজারজাতকরণে দক্ষতা এবং প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভিন্ন ব্যাংকের সাথে হিসাব পরিচালনায় উদ্যোক্তাগণের আর্থিক লেনদেনের উপর গুরুত্ব আরোপ করা হবে” ।

০৫.৪ নং অনুচ্ছেদের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে ।

০৪। ইইএফ সার্কুলার নং-৬/২০০২ এর ০৬.৭ নং অনুচ্ছেদে বর্ণিত আছে যে, “কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশনের কোন বিধানের পরিপন্থী হলেও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মনোনীত

প্রতিনিধির উপস্থিতি ব্যতিরেকে কোম্পানীর পর্ষদের অথবা শেয়ারহোল্ডারদের সভার কোরাম পূর্ণ হবে না” ।

এক্ষনে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ০৬.৭ নং অনুচ্ছেদের উপরোক্ত বক্তব্য নিম্নলিখিতভাবে প্রতিস্থাপিত হবে :

“কোম্পানীর পরিচালনা পর্ষদের অনুষ্ঠেয় সভার লিখিত নোটিশ (আলোচ্যসূচীসহ) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট সাধারণ সভার ক্ষেত্রে সভা অনুষ্ঠানের ৩ (তিন) কার্যদিবস পূর্বে এবং বিশেষ/জরুরী সভার ক্ষেত্রে ১ (এক) কার্যদিবস পূর্বে প্রেরণ করতে হবে । একই সংগে উক্ত নোটিশের কপি (আলোচ্যসূচীসহ) ইইএফ ইউনিটে প্রেরণ করতে হবে । সংশ্লিষ্ট প্রতিনিধি অথবা ইইএফ ইউনিট কর্তৃক নোটিশটি গৃহীত হলে তা যথাযথভাবে প্রেরিত হয়েছে বলে গণ্য করা হবে এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধির অনুপস্থিতিতে সভার কার্যক্রম আলোচ্যসূচী অনুসারে সম্পন্ন করা যাবে” ।

০৫। ইতঃপূর্বে জারীকৃত সার্কুলারগুলির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে ।

উপরোল্লিখিত সংশোধনীগুলি অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

আপনার বিশ্বস্ত,

(এ,টি,এম, ফজলে রব)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৩৬৫০